দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 DEC 2016
পৃষ্ঠা ৮ কলাম ৬

# কলেজে শিক্ষক নিয়োগ সম্পর্কে

প্রায়শই সরকারি কলেজসমূহে শিক্ষক সংকটের খবর পাওয়া যায়। দৈনিক ইত্তেফাকে এমন একটি খবর প্রকাশিত হয়েছে গত ১৭ ডিসেম্বর। সাবজেক্টের বিপরীতে শিক্ষক সংকটের বিষয়টি এখানে যথার্থভাবেই তুলে ধরা হয়েছে। সারা দেশে সন্ধান করলে এমন তথ্য আরো পাওয়া যাবে। একটি দীর্ঘ প্রক্রিয়া অনুসরণ করে শিক্ষক নিয়োগ দেওয়ার কারণে অনেক ক্ষেত্রে সরকারি কলেজসমূহে শিক্ষকের পদ খালি থাকে। ফলে ব্যাহত হয় শিক্ষা। অনেকেই বিসিএস পরীক্ষায় নির্দিষ্ট সিলেবাস অনুসরণ করে অন্যান্য বিষয়সহ মাত্র দুই শ নম্বরের বিষয়ভিত্তিক পরীক্ষা দিয়েই বিসিএস শিক্ষা ক্যাডারে নিয়োগ পাচ্ছেন। অথচ বিশ্ববিদ্যালয়ে সর্ববিষয়ে প্রথম শ্রেণি পেলেও অনেকেই শিক্ষক হতে পারেন না। বিসিএস শিক্ষা ক্যাডারদের প্রতি সম্মান রেখেও বলা যায় যে তাঁদের অনেকেই দ্বিতীয় শ্রেণি পেয়েও প্রথম শ্রেণি অর্জনকারীদের মতো পাঠদান করতে পারেন কি না সে বিষয়ে প্রশ্ন উঠতে পারে। শিক্ষক সংকট নিরসন এবং দক্ষ শিক্ষক নিয়োগের জন্য প্রথম শ্রেণির ডিগ্রিধারী কিংবা পিএইচডি ডিগ্রিধারীদের বিশেষ পরীক্ষার মাধ্যমে সরকারি কলেজসমূহে শিক্ষক হিসেবে নিয়োগ দিলে যেমন শিক্ষক সংকট দ্রুত সমাধান করা যাবে, তেমনি মেধাবীদের নিয়োগ দিয়ে শিক্ষার মান উন্নয়ন করা সম্ভব হবে বলে ধারণা করা যায়। সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে কোনো পরীক্ষা ছাড়াই শিক্ষক